



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmefb.gov.bd, E-mail: info@bmefb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



মুজিব
শতবর্ষ
১০০

নং-বামাশিবো/প্রশা/গাজীপুর-১৫২/৬৯৫/৪

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩


বিষয় : অনুমোদিত গভার্ণিং বডি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে

- সূত্র : (১) বামাশিবো এর স্মারক নং- বামাশিবো/প্রশা/৩৩০২২১০৯৩০৬১/৬৪৯৩৫/নথি নং - তারিখ: ২৭-০৬-২০২২ খ্রিঃ
(২) বামাশিবো এর স্মারক নং-বামাশিবো/প্রশা/গাজীপুর-১৫২/৮৮৩/৪; তারিখ: ০৪/০৪/২০২৩ খ্রি.
(৩) উনিঅ, কাপাসিয়া, গাজীপুর এর স্মারক নং-০৫.৪১.৩৩৩৬.০০০.২৭.০০১.১৬-২৭৬; তারিখ: ১০/০৫/২০২৩ খ্রি.
(৪) বামাশিবো এর স্মারক নং-বামাশিবো/প্রশা/গাজীপুর-১৫২/৮৯০/৪; তারিখ: ২২/০৫/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন রাওনাট হাছানিয়া আলিম মাদ্রাসার সূত্রোক্ত ১ নং স্মারকে গভার্ণিং বডি অনুমোদন দেয়া হয়। অনুমোদিত গভার্ণিং বডি বিধি বহির্ভূতভাবে গঠনসহ ৪ জন অভিভাবক সদস্য অবৈধ ও ভুয়া উল্লেখ করে এবং নিয়োগ বাণিজ্যের বিষয়ে জনৈক আশরাফুল ইসলাম অত্র বোর্ডে অভিযোগ দায়ের করেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুরকে সূত্রোক্ত ২ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর সূত্রোক্ত ৩ নং স্মারকে তদন্ত প্রতিবেদন বোর্ডে দাখিল করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আনীত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়েছে বিধায় গভার্ণিং বডি ভেঞ্চে দেয়ার সুপারিশ করা হয়েছে। অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঞ্চে দেয়া হবে না তার জবাব দাখিলের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকে সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পত্র দেয়া হয়। সভাপতি জবাব দাখিল করেননি এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষের জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায়, সূত্রোক্ত ১ নং স্মারকে বোর্ড কর্তৃক অনুমোদিত গভার্ণিং বডি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো এবং এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে অনলাইনে আবেদন দাখিল করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৬.০৬.২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmefb.gov.bd


- ১। সভাপতি/সদস্যবৃন্দ, গভার্ণিং বডি
রাওনাট হাছানিয়া আলিম মাদ্রাসা, কাপাসিয়া, গাজীপুর
২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
রাওনাট হাছানিয়া আলিম মাদ্রাসা, কাপাসিয়া, গাজীপুর

নং-বামাশিবো/প্রশা/গাজীপুর-১৫২/৬৯৫/৪

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, গাজীপুর;
২. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর;
৫. জনাব আশরাফুল ইসলাম (অভিযোগকারী), গ্রাম ও ডাক: রাওনাট, কাপাসিয়া, গাজীপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।



মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmefb.gov.bd